# তথ্য কমিশন বাংলাদেশ

**এফ-১৭/ডি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭**

## কমিশন সভার কার্যবিবরণী:

**সভাপতি** : **ডক্টর আবদুল মালেক**
প্রধান তথ্য কমিশনার

**সভার তারিখ** : ২৪/০৩/২০২৪ **সময়:** বেলা ১২.০০টা

**স্থান** : কমিশনের সভাকক্ষ। **উপস্থিতি:** পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভায় তথ্য কমিশনার জনাব শহীদুল আলম ঝিনুক ও তথ্য কমিশনার জনাব মাসুদা ভাট্টি এবং সচিবসহ কমিশনের অন্যান্য কর্মকর্তা সভায় উপস্থিত ছিলেন। সভাপতি আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য সচিব, তথ্য কমিশন বাংলাদেশ কে আহবান জানান। সচিব, তথ্য কমিশন বাংলাদেশ পর্যায়ক্রমে আলোচ্যসূচি অনুযায়ী সভার বিষয়সমূহ উপস্থাপন করেন। উপস্থাপিত বিষয়সমূহের উপর সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | তথ্য কমিশন বাংলাদেশ এর দুইজন কর্মচারীর উচ্চতর গ্রেড প্রদান; | **জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ৭ এর (১) নং অনুচ্ছেদ** অনুযায়ী "কোন স্থায়ী কর্মচারি পদোন্নতি ব্যতিরেকে একই পদে **১০ (দশ) বৎসর পূর্তিতে** এবং **চাকরি সন্তোষজনক হওয়া সাপেক্ষে,** স্বয়ংক্রিয়ভাবে ১১তম বৎসরে পরবর্তী **উচ্চতর গ্রেডে বেতন প্রাপ্য হইবেন"** মর্মে উল্লেখ রয়েছে। **তথ্য কমিশন (কর্মকর্তা ও কর্মচারি) চাকরি বিধিমালা, ২০১১ এর বিধি ১০ এ বলা হয়েছে- "সরকার বিভিন্ন সময়ে যেরুপ নির্ধারণ করিবে কর্মচারীদের বেতন ও ভাতা সেইরুপ হইবে"।**<br>তথ্য কমিশন বাংলাদেশ এ রাজস্বখাতে নিয়োগপ্রাপ্ত কর্মরত ০২ জন কর্মচারী **জনাব মোহাম্মদ ইসমাইল হোসেন, সহকারী গবেষণা কর্মকর্তা (গ্রেড-১০) এবং জনাব মোহাম্মদ সোহেল রানা, সহকারী হিসাবরক্ষক (গ্রেড-১৪)** এর যোগদানের তারিখ থেকে একই পদে ও গ্রেডে চাকরিকাল ১০ বছর অতিক্রম করেছেন এবং কোন পদোন্নতি পায়নি।<br>তাদের উচ্চতর গ্রেড প্রদানের নিমিত্ত চাকরি বৃত্তান্ত পরীক্ষা-নিরীক্ষা করে প্রতিবেদন দাখিল বিষয়ক ০৩ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়। কমিটির প্রতিবেদন অনুযায়ী- তাদের এসিআর এ কোন বিরূপ মন্তব্য নাই এবং তাদের বিরুদ্ধে কোন বিভাগীয় মামলা নাই।<br><br>এছাড়া, কমিশন **উচ্চতর গ্রেড প্রার্থী** জনাব মোহাম্মদ ইসমাইল হোসেন, সহকারী গবেষণা কর্মকর্তা (গ্রেড-১০) এবং জনাব মোহাম্মদ সোহেল রানা, সহকারী হিসাবরক্ষক (গ্রেড-১৪) এর নিয়োগ আদেশ, যোগদান, পুলিশ ভেরিফিকেশন, চাকরি স্থায়ীকরণ আদেশ, এসিআর/বিভাগীয় মামলাসহ অন্যান্য বিষয়াদি যথাযথভাবে পরীক্ষা নীরিক্ষা করে সঠিক আছে মর্মে কমিশন একমত পোষণ করেন।<br><br>**জাতীয় বেতন স্কেল ২০১৫** এর ৭ এর (১) নং অনুচ্ছেদ অনুযায়ী তথ্য কমিশন বাংলাদেশ এর ০২জন কর্মচারী জনাব মোহাম্মদ ইসমাইল হোসেন, সহকারী গবেষণা কর্মকর্তাকে ১০ম গ্রেড থেকে ৯ম গ্রেডে এবং জনাব মোহাম্মদ সোহেল রানা, সহকারী হিসাবরক্ষক কে | জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ৭ এর (১) নং অনুচ্ছেদ অনুযায়ী তথ্য কমিশন বাংলাদেশ এর রাজস্বখাতে নিয়োগপ্রাপ্ত কর্মরত ০২জন কর্মচারী জনাব মোহাম্মদ ইসমাইল হোসেন, সহকারী গবেষণা কর্মকর্তাকে ১০ম গ্রেড থেকে ৯ম গ্রেডে এবং জনাব মোহাম্মদ সোহেল রানা, সহকারী হিসাবরক্ষক কে ১৪তম গ্রেড থেকে ১৩তম গ্রেডে দশ বছর পূর্তির পরবর্তী তারিখ থেকে উচ্চতর গ্রেড প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (প্রশাসন)<br><br>উপপরিচালক (প্রশাসন)<br><br>সহকারী পরিচালক (প্রশাসন) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ১৪তম গ্রেড থেকে ১৩তম গ্রেডে দশ বছর পূর্তির পরবর্তী তারিখ থেকে উচ্চতর গ্রেড প্রদানের বিষয়ে কমিশন একমত পোষণ করে। | | |
| ০২ | তথ্য কমিশন বাংলাদেশ এর হিসাবরক্ষক এবং ডেসপাস রাইডার পদের বেতন স্কেল সংশোধন বিষয়ে গত ৫/১১/২০২৩ তারিখে অনুষ্ঠিত কমিশন সভার সিদ্ধান্ত অনুযায়ী জারীকৃত ২৭ নভেম্বর ২০২৩ তারিখের ১৫. ৫১.০০০০.৫০১.০২.০০১.০৯-৫৫৯ নং স্মারক এর বিরুদ্ধে রীট পিটিশন নং-৫৮৭/২০২৪ দাখিল; | বাংলাদেশ সংবিধানের অনুচ্ছেদ নং ১০২(২)(a)(i) & (ii) অনুযায়ী তথ্য কমিশন বাংলাদেশ এর ৫/১১/২০২৩ তারিখে অনুষ্ঠিত কমিশন সভার সিদ্ধান্ত অনুযায়ী জারীকৃত ২৭ নভেম্বর ২০২৩ তারিখের ১৫.৫১.০০০০.৫০১.০২. ০০১.০৯-৫৫৯ নং স্মারকে প্রদত্ত আদেশের বিরুদ্ধে জনাব মো: কহিনুর ইসলাম, পিতা মো: হাশেম আলী, গ্রাম-বকবুড়ি, পোষ্ট- জরিনা কলেজ-১৮০০, মানিকগঞ্জ সদর, মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ এবং হিসাবরক্ষক, তথ্য কমিশন বাংলাদেশ এবং অন্যান্য কর্তৃক মহামান্য হাইকোর্টের মাধ্যমে রীট পিটিশন নং ৫৮৭/২০২৪ দাখিল করা হয়েছে। এ বিষয়ে মহামান্য হাইকোর্ট কর্তৃক রুল নিশি জারী করা হয়েছে ।<br><br>রীট পিটিশনের বর্ণনা মোতাবেক তথ্য কমিশন বাংলাদেশ এর ৫/১১/২০২৩ তারিখে অনুষ্ঠিত কমিশন সভার সিদ্ধান্ত অনুযায়ী পিটিশনারগণের বেতন স্কেল যোগদানের তারিখ ০৪/১২/২০১১ ও ০৮/১২/২০১১ থেকে ৬৪০০-১৪২৫৫/- এবং ৪৫০০-৯১৫৫/- (১১ ও ১৭ নং স্কেল) এর পরিবর্তে নভেম্বর/২০২৩ থেকে ৫৫০০ -১২০৯৫/- এবং ৪৪০০- ৮৫৮০/- (১৩ ও ১৮ নং স্কেল) নির্ধারণ করা হয় এবং তাদের অতিরিক্ত গৃহীত অর্থ যোগদানের তারিখ ০৪/১২/২০১১ ও ০৮/১২/২০১১ থেকে অক্টোবর/২০২৩ পর্যন্ত সরকারি কোষাগারে ফেরত দেয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় যা আইনসম্মত হয়নি। এছাড়া, চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর ৭(১) অনুযায়ী এবং তথ্য কমিশন (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি বিধিমালা, ২০১১ অনুযায়ী পিটিশনারগণ উচ্চতর গ্রেড প্রাপ্য হবেন মর্মে উল্লেখ করা হয়েছে। বিধায়, **বর্ণিত বিষয়ে ০৪ সপ্তাহের মধ্যে জবাব প্রেরণের জন্য বলা হয়েছে এবং ৫/১১/২০২৩ তারিখে অনুষ্ঠিত কমিশন সভার সিদ্ধান্ত অনুযায়ী জারীকৃত ২৭ নভেম্বর ২০২৩ তারিখের ১৫.৫১.০০০০.৫০১.০২. ০০১.০৯-৫৫৯ নং স্মারকে প্রদত্ত আদেশটি ০৬ মাসের জন্য স্থগিত রাখার বিষয়ে নির্দেশ প্রদান করা হয়।**<br><br>বর্ণিত রীট পিটিশন নং ৫৮৭/২০২৪ এর বিষয়ে বিজ্ঞ আইনজীবী এডভোকেট জনাব মো: ফারুক হোসেন এর সাথে আগামী ২৭/০৩/২০২৪ তারিখ আইনগত পরামর্শ গ্রহণ শেষে সিদ্ধান্ত নেয়া হবে মর্মে আলোচনা হয়। | তথ্য কমিশন বাংলাদেশ এর ৫/১১/২০২৩ তারিখে অনুষ্ঠিত কমিশন সভার সিদ্ধান্ত অনুযায়ী জারীকৃত ২৭ নভেম্বর ২০২৩ তারিখের ১৫.৫১. ০০০০.৫০১. ০২.০০১.০৯-৫৫৯ নং স্মারকে প্রদত্ত আদেশের বিরুদ্ধে দাখিলকৃত রীট পিটিশন নং ৫৮৭/২০২৪ এর বিষয়ে বিজ্ঞ আইনজীবী এডভোকেট জনাব মো: ফারুক হোসেন এর সাথে আগামী ২৭/০৩/২০২৪ তারিখ আইনগত পরামর্শ গ্রহণ শেষে সিদ্ধান্ত নেয়া হবে। | পরিচালক (প্রশাসন)<br><br>উপপরিচালক (প্রশাসন)<br><br>সহকারী পরিচালক (প্রশাসন) |

০২। অত:পর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
**(ডক্টর আবদুল মালেক)**
প্রধান তথ্য কমিশনার
তথ্য কমিশন বাংলাদেশ

স্মারক নম্বর: ১৫.৫১.০০০০.৫০১.১৭.০০৯.১৮.৯৫৪

তারিখ: ২৫ /০৩/২০২৪

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১) সচিব, তথ্য কমিশন বাংলাদেশ।
২) পরিচালক (সকল), তথ্য কমিশন বাংলাদেশ।
৩) প্রধান তথ্য কমিশনার এর একান্ত সচিব, তথ্য কমিশন বাংলাদেশ।
৪) তথ্য কমিশনার এর একান্ত সচিব, তথ্য কমিশন বাংলাদেশ।
৫) সহকারী পরিচালক (সকল), তথ্য কমিশন বাংলাদেশ।
৬) গবেষণা কর্মকর্তা/ জনসংযোগ কর্মকর্তা, তথ্য কমিশন বাংলাদেশ।
৭) সহকারী প্রোগ্রামার তথ্য কমিশন বাংলাদেশ।
৮) অফিস কপি।

25/03/2024

(সোহানা নাসরিন)
উপপরিচালক (প্রশাসন)
তথ্য কমিশন বাংলাদেশ